ইত্তেফাক

তারিখ ... ১৮.৫.৮৫ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

0 016

# বৃহস্পতিবার ডিগ্রী পরীক্ষা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৪ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষা আগামী বৃহস্পতিবার হইতে শুরু হইতেছে। বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী বেসরকারী কলেজগুলি হইতে এবার প্রায় ২৭ হাজার ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করিবেন। ঢাকা নগরীতে ৮টিসহ এবার পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ৩৬। ঢাকার জগন্নাথ সরকারী কলেজের ছাত্র-ছাত্রীরা এবার নগরীর অন্যান্য কলেজে পরীক্ষা দিবেন। গত বছর ডিগ্রী পরীক্ষায় জগন্নাথ কলেজ কেন্দ্রে ব্যাপক নকলবাজি হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত কলেজের পরীক্ষা কেন্দ্র ৩ বছরের জন্য বাতিল করিয়াছেন। কলেজের সংশ্লিষ্ট অধ্যাপকগণকেও ৩ বছরের জন্য পরীক্ষা সংক্রান্ত

( ৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## ডিগ্রী পরীক্ষা

( ১ম পৃঃ পর )

যাবতীয় কাজকর্ম হইতে দূরে রাখা হইবে। এবার জগন্নাথ কলেজ হইতে প্রায় ৫ হাজার ছাত্রছাত্রী ডিগ্রী পরীক্ষায় অংশ নিবে।